

## উচ্চশিক্ষা

# নিয়োগের ২৩ দিনের মাথায় জামালপুর বিশ্ববিদ্যালয়ে উপাচার্যকে অব্যাহতি, নতুন উপাচার্য নিয়োগ

বিশেষ প্রতিবেদক ঢাকা

আপডেট: ০৬ জুন ২০২৬, ১৯: ০৮



জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ফাইল ছবি

২৩ দিন আগে গত ১৪ মে জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশবিজ্ঞান বিভাগের অধ্যাপক মোহাম্মদ আমির হোসেন ভূঁইয়া। তিনি যোগদানও করেছিলেন। কিন্তু ২৩ দিনের মাথায় তাঁকে অব্যাহতি দিয়ে নতুন উপাচার্য নিয়োগ দিয়েছে সরকার। বিশ্ববিদ্যালয়টিতে নতুন উপাচার্য হিসেবে যিনি নিয়োগ পেয়েছেন তাঁর নামও মো. আমির হোসেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগের অধ্যাপক।

আজ শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে জানানো হয়, বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি নতুন উপাচার্য নিয়োগ দিয়েছেন। এ নিয়োগের মেয়াদ হবে চার বছর। তবে আচার্য হিসেবে রাষ্ট্রপতি প্রয়োজনে যেকোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন। উপাচার্যদের সার্বক্ষণিক ক্যাম্পাসে অবস্থান করতে হবে।

একই দিনে আরেক প্রজ্ঞাপনে অধ্যাপক মোহাম্মদ আমির হোসেন ভূঁইয়াকে উপাচার্য পদ থেকে অব্যাহতি দিয়ে মূল পদে যোগদানের অনুমতি দেওয়ার কথা জানানো হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রে জানা গেছে, অধ্যাপক মোহাম্মদ আমির হোসেন ভূঁইয়ার বিরুদ্ধে গুরুতর অভিযোগ তদন্তাধীন আছে।

নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে উপাচার্য পদে পরিবর্তন আনা শুরু হয়। তারই ধারাবাহিকতায় গত ১৪ মে জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ দেশের ১১টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে উপাচার্য পদে পরিবর্তন এনেছিল সরকার। এসব বিশ্ববিদ্যালয়ে এত দিন ধরে উপাচার্যের দায়িত্ব পালন করে আসা অধ্যাপকদের অব্যাহতি দিয়ে নতুন উপাচার্য নিয়োগ দেয় সরকার। যাঁদের অব্যাহতি দেওয়া হয়েছে, তাঁরা প্রায় সবাই অন্তর্বর্তী সরকারের আমলে উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছিলেন।

একই দিনে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে একজন অধ্যাপককে উপাচার্য নিয়োগ দেওয়া হলেও নিয়োগের পরপরই তা বাতিল করা হয়। তারও আগে গত মার্চে সাতটি বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য নিয়োগ দিয়েছিল সরকার। বিশ্ববিদ্যালয়গুলো হলো ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি। এ ছাড়া একই সময় উচ্চশিক্ষা তদারকির দায়িত্বে থাকা সংস্থা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান পদেও পরিবর্তন আনা হয়।

## ঢাকা বিশ্ববিদ্যালয় আইবিএতে এসিবিএ কোর্স করার সুযোগ, জেনে নিন সব তথ্য

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সহউপাচার্যকে অব্যাহতি

এদিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সহউপাচার্য (শিক্ষা) এম মাহফুজুর রহমানকে অব্যাহতি দেওয়া হয়েছে। ২০২৪ সালের সেপ্টেম্বরে তিনি এ পদে নিয়োগ পেয়েছিলেন। এ ছাড়া নতুন প্রতিষ্ঠিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির কোষাধ্যক্ষ হিসেবে নিয়োগ পেয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জৈব রসায়ন ও আণবিক জীববিজ্ঞান বিভাগের অধ্যাপক বোরহান উদ্দিন।

